# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-08-2026 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) বহুজন হিতায়-বহুজন সুখায়- মন্ত্রকে পাথেয় করে চিরন্তন ঐতিহ্য ও গৌরবময় ইতিহাস সঙ্গে নিয়ে আকাশবাণী কলকাতা আজ শতবর্ষে পদার্পন করছে।

২) পশ্চিমবঙ্গে তৃতীয় কৃষি বিশ্ববিদ্যালয় গড়ার জন্য রাজ্য সরকার কেন্দ্রের কাছে প্রস্তাব পাঠিয়েছে।

৩) পরিকাঠামো ও পরিষেবা খতিয়ে দেখতে স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় আজ কলকাতার তিনটি হাসপাতাল পরিদর্শন করেন।

৪) মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে একই দিনে ১০টি নবজাতকের মৃত্যুর ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের কাছে পূর্ণাঙ্গ রিপোর্ট তলব স্বাস্থ্য দফতরের।

৫) হাওড়ার আন্দুলে বহুতল আবাসনে অগ্নিকান্ডে একজনের মৃত্যু ।

৬) চিরাচরিত ধর্মীয় রীতি মেনে আজ ঈদ-এ-মিলাদ-উন-নবী উদযাপিত হচ্ছে।

৭) কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে আজ মোহনবাগান সুপার জায়ান্ট ৬-০ গোলে জর্জ টেলিগ্রাফ কে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooo

সম্প্রচার যাত্রায় এক ঐতিহাসিক মাইলফলক স্পর্শ করে আকাশবাণী কলকাতা আজ শতবর্ষে পদার্পন করলো।

(মিউজিক)

এই একশো বছরে আকাশবাণী কলকাতা, সংবাদ, সঙ্গীত, নাটক, শিক্ষা ও জনকল্যাণমূলক অনুষ্ঠানের মাধ্যমে বিভিন্ন প্রজন্মের শ্রোতাদের মধ্যে সেতুবন্ধন গড়ে তুলেছে। বহুজন হিতায় বহুজন সুখায় – এই মন্ত্রকে পাথেয় করে আকাশবাণী, শব্দের মাধ্যমে শ্রোতাদের সঙ্গে গড়ে তুলেছে আত্মিক যোগসূত্র ।

**১৯৭১**-এ বাংলাদেশে মুক্তি যুদ্ধের দিনগুলিতে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে, বাংলাদেশের মুক্তিকামী মানুষেরা আজও তা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। রাজনৈতিক অস্থিরতা, প্রাকৃতিক দুর্যোগ থেকে শুরু করে ঐতিহাসিক সিদ্ধান্ত বাঙালীর কাছে খবরের নির্ভরযোগ্যতা একমাত্র মাপকাঠি ছিল আকাশবাণী। বর্তমানে বিভিন্ন বেসরকারি চ্যানেল ও পোর্টালের রমরমার যুগেও আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ আজও স্বকীয়তা বহণ করে চলেছে ।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

সমাজের সকল শ্রেণীর কাছে সহজ-সরল ভাষায় বস্তুনিষ্ঠ খবর পৌঁছে দিতে আকাশবাণী সংবাদের অনন্য ভূমিকা রয়েছে বলে জানিয়েছেন, সংবাদ বিভাগের প্রাক্তন বরিষ্ঠ আধিকারিক শান্তনু পালোধী।

(বাইট – শান্তনু পালোধী)

পঙ্কজ মল্লিক, বাণী কুমার ও বীরেন্দ্র কৃষ্ণভদ্রের কালজয়ী মহিষাসুরমর্দিনী আজও বাঙালীর কাছে দুর্গাপুজো ও শারদীয় উৎসবের আগমণী বার্তা। এতো বছর পরেও সেই আবেদন ম্লান হয়ে যায়নি। শতবর্ষের এই ঐতিহাসিকক্ষণে দাঁড়িয়ে আকাশবাণী কলকাতা তার নিজস্ব মহিমায়, সমৃদ্ধ ঐতিহ্যকে অক্ষুণ্ণ রেখে পরিষেবা প্রদান করে চলেছে।

দিনটি উপলক্ষে সেজে উঠেছে কলকাতার আকাশবাণী ভবন। দিনভর চলেছে নানা অনুষ্ঠান।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এই উপলক্ষে আকাশবাণী কলকাতার সঙ্গে যুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, এই ১-শো বছরে আকাশবাণী কলকাতা সংবাদ, মনোজ্ঞ ও সৃজনশীল অনুষ্ঠান মানুষের ঘরে ঘরে পৌঁছে দিয়েছে। আগামী দিনে এই যাত্রাপথ আরও সাফল্যময় হয়ে উঠুক এই কামনা করেছেন তিনি।

ooooooooooooooooooooooo

আকাশবাণী কলকাতার ১০০ বছরে নানান বিবর্তন ঘটেছে আকাশবাণীর সংবাদেরও। কেমন ছিল শুরুর দিনগুলো, পরিবর্তিত হতে থাকা সংবাদের রূপ- এইসব নিয়েই নিজেদের অভিজ্ঞতা বিনিময় করেছেন আকাশবাণী কলকাতা সংবাদ  বিভাগের পুরোধায় থাকা তিন প্রাক্তন বরিষ্ঠ আধিকারিক - শঙ্কর দাশগুপ্ত, শান্তনু পালোধি এবং সুনীত চক্রবর্তী। অনুষ্ঠানটি সঞ্চালনা করেছেন সন্দীপন দাশগুপ্ত।

সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটি শোনা যাবে দুটি ভাগে। প্রথম পর্ব সম্প্রচারিত হবে আজ রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH বাংলা পরিষেবায়। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও তা শোনা যাবে।

OOOOOOOOOOOOOOOOOOOOOO

পশ্চিমবঙ্গে তৃতীয় কৃষি বিশ্ববিদ্যালয় গড়ার জন্য রাজ্য সরকার কেন্দ্রের কাছে প্রস্তাব পাঠিয়েছে। পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম ও পুরুলিয়ার মতো পশ্চিমাঞ্চলের খরাপ্রবণ জেলাগুলির কৃষি ক্ষেত্রে উন্নয়নে এই অঞ্চলে নতুন কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব দেওয়া হয়েছে।

দিল্লিতে গত সপ্তাহে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানের সঙ্গে বৈঠক করেন রাজ্যের কৃষিমন্ত্রী দুধকুমার মণ্ডল। শিবরাজ সিং চৌহানের সরকারি বাসভবনে অনুষ্ঠিত ওই বৈঠকে রাজ্যের পক্ষ থেকে একগুচ্ছ প্রস্তাব তুলে ধরা হয়। তার মধ্যে অন্যতম ছিল তৃতীয় কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি।

বর্তমানে নদীয়া এবং কোচবিহারে দুটি কৃষি বিশ্ববিদ্যালয় রয়েছে। কৃষি ক্ষেত্রে অগ্রগতিকে আরও তরান্বিত করতে পশ্চিমাঞ্চলে আরও একটি নতুন কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্যোগ নিয়েছে রাজ্য।

OOOOOOOOOOOOOOOOOOOOOO

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল নিউটাউনের বেঙ্গল সিলিকন ভ্যালিতে লার্সেন এন্ড টুব্রো গোষ্ঠীর একটি ডেটা সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । কয়েক হাজার কোটি টাকা বিনিয়োগে এই প্রকল্প সম্পূর্ণ চালু হলে রাজ্যের তরুণ পেশাদারদের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

উল্লেখ্য সেমি কন্ডাকটর নিয়ে রাজ্য সরকারের কাছে ইতিমধ্যে বেশ কিছু প্রস্তাব জমা পড়েছে। শিল্পায়নের লক্ষ্যে রাজ্য সরকার খুব শীঘ্রই ৩৩-টি শিল্প সংস্থাকে জমি হস্তান্তর করবে বলে মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছিলেন।

OOOOOOOOOOOOOOOOOOOOOO

কলকাতার তিনটি হাসপাতাল আজ আচমকা পরিদর্শন করেন স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়। প্রথমে আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের অধীনস্থ বেলগাছিয়ার ইন্দিরা মাতৃ ও শিশু কল্যাণ হাসপাতালে যান তিনি। এরপর নর্থ সুবারবান হাসপাতাল পরিদর্শন করেন তিনি। হাসপাতালের পরিকাঠামো, চিকিৎসা পরিষেবা খতিয়ে দেখেন, রোগীদের অভাব অভিযোগ শোনেন স্বাস্থ্যমন্ত্রী। হাসপাতালে রোগীদের খাবার খেয়ে দেখেন তিনি। খাবারের মান নিয়ে অসন্তোষ প্রকাশ করে তা

অবিলম্বে উন্নত করার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। এরপর অবিনাশ দত্ত মেটারনিটি হাসপাতালে পরিদর্শন করেন তিনি।

OOOOOOOOOOOOOOOOOOOOO

মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে একই দিনে ১০টি নবজাতকের মৃত্যুর ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে পূর্ণাঙ্গ রিপোর্ট তলব করেছে স্বাস্থ্য দফতর। স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানিয়েছেন ওই হাসপাতালে শিশু মৃত্যুর হার বেড়েছে। শোকজ করে এর কারণ জানতে চাওয়া হয়েছে। আগামীকাল হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে রিপোর্ট পাওয়ার পর প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।

(বাইট – শারদ্বত)

যদিও হাসপাতাল কর্তৃপক্ষের দাবি ওই ১০ সদ্যজাতর মধ্যে দুই শিশুর জন্ম হয়েছিল ওই হাসপাতালে। বাকিদের আশঙ্কাজনক অবস্থায় অন্য হাসপাতাল থেকে মালদা মেডিকেলে রেফার করা হয়েছিল।

OOOOOOOOOOOOOOOOOOOOO

হাওড়ার আন্দুলে বহুতল আবাসনের একটি ফ্ল্যাটে অগ্নিকান্ডে একজনের মৃত্যু হয়েছে। ধোঁয়ায় অসুস্থ হয়ে কয়েকজন আবাসিক হাসপাতালে চিকিৎসাধীন।

আজ দুপুরে ওই আবাসনের তিনতলার ওই ফ্ল্যাটে হঠাৎই আগুন লাগে। ধোঁয়ায় ঢেকে যায় চারপাশ। আটকে পড়েন একাধিক বাসিন্দা। কোনক্রমে দমকলকর্মীরা তাদের উদ্ধার করেন। আগুনে পুড়ে মৃত্যু হয় বছর ৬৫—র গোপা মুখোপাধ্যায়ের। দমকলের পাঁচটি ইঞ্জিন প্রায় ২ ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। শর্টসার্কিট থেকে এই দুর্ঘটনা বলে প্রাথমিক অনুমান। ওই আবাসনে পর্যাপ্ত অগ্নি নির্বাপণ ব্যবস্থা ছিল না বলে অভিযোগ উঠেছে।

OOOOOOOOOOOOOOOOOOOOO

এদিকে, একের পর এক অগ্নিকাণ্ড থেকে শিক্ষা নিয়ে পুরুলিয়া শহরের বিভিন্ন হোটেল ও বহুতল আবাসনে অগ্নিনির্বাপণ ব্যবস্থা খতিয়ে দেখতে অভিযান চালায় দমকল বিভাগ। হথাত আগুন লাগলে কি পদক্ষেপ নেওয়া প্রয়োজন তা নিয়ে মক ড্রিলের আয়োজন করা হয়। হোটেল কর্মীরা হাতে কলমে সেই পদ্ধতি রপ্ত করেন ।

oooooooooooooooooo

কলকাতার গড়ফায় চার বছরের এক শিশুকে যৌন নির্যাতনের অভিযোগ উঠেছে প্রতিবেশী এক ব্যক্তির বিরুদ্ধে। অভিযুক্ত পলাতক। জল খাওয়ানোর নাম করে ওই ব্যক্তি শিশুটিকে আবাসনের ছাদ নিয়ে গিয়ে নির্যাতন করে বলে অভিযোগ। শিশুটির কান্নার আওয়াজ শুনতে পেয়ে পরিবারের লোকেরা ছাদে ছুটে যান। তার আগেই ঘটনাস্থল থেকে পালায় অভিযুক্ত ওই ব্যক্তি।

ooooooooooooooooooooo

চিরাচরিত ধর্মীয় রীতি মেনে আজ ঈদ-এ-মিলাদ-উন-নবী উদযাপিত হচ্ছে। পয়গম্বর হজরত মহম্মদের জন্ম বার্ষিকীর স্মরণে পবিত্র এই দিনটি ধর্মপ্রাণ মুসলিমরা আড়ম্বরের সঙ্গে পালন করেন।

খাদ্য ও দান সামগ্রী বিতরণ ও বিশেষ প্রার্থনার মধ্য দিয়ে হজরত মহম্মদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হচ্ছে।

কলকাতার পার্ক সার্কাসে এই উপলক্ষে শোভাযাত্রার আয়োজন করা হয়।

মুর্শিদাবাদের,হরিহরপাড়া, ইসলামপুর, রঘুনাথগঞ্জ, সুতি, লালগোলায় আজ নবী দিবসে আয়োজিত একাধিক শোভাযাত্রায় হাজার হাজার মানুষ সামিল হন।

মালদার ইংরেজ বাজারের বিবি গ্রাম জামে মসজিদ এবং পুরাতন মালদা থেকে মিছিল বের হয়ে গোটা শহর পরিক্রমা করে। এই উপলক্ষে রোজার উপবাস করে বিশেষ নমাজ পাঠ করেন ইসলাম ধর্মাবলম্বীরা।

বিশ্বনবী দিবস উপলক্ষে হুগলীর ডানকুনি ও চন্দননগরের উর্দিবাজার, ফুরফুরাশরিফ, চন্ডীতলা, জাঙ্গিপাড়া ও আরামবাগে বিশেষ শোভাযাত্রা বের হয়।

জলপাইগুড়ির ওদলাবাড়িতেও এই উপলক্ষে বিশেষ শোভাযাত্রার আয়োজন করা হয়।

*OOOOOOOOOOOOOOOOOOOO*

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে আজ মোহনবাগান সুপার জায়ান্ট ৬-০ গোলে জর্জ টেলিগ্রাফকে হারিয়ে দিয়েছে। বিরতিতে মোহনবাগান ২-০ গোলে এগিয়ে ছিল। সুহেল আহমেদ ভাট হ্যাটট্রিক করেছেন। মোহনবাগান গ্রুপ এ, তে ৮ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে লিগ তালিকার তৃতীয় স্থানে রয়েছে।

ব্যারাকপুর ষ্টেডিয়ামে অন্য ম্যাচে ভবানীপুর ক্লাব ৩-০ গোলে বিধাননগর স্পোর্টস অ্যাকাডেমিকে পরাজিত করেছে।

কল্যাণী ষ্টেডিয়ামে ক্যালকাটা কাস্টমস ও ইউনাইটেড কলকাতা স্পোর্টস ক্লাবের ম্যাচটি ২-২ গোলে শেষ হয়েছে।

*OOOOOOOOOOOOOOOOOOOOO*

*OOOOOOOOOOOOOOOOOOO*